

# প্রথম আলো

প্রথম আলো, ২০১৮-১২-০৯, পৃঃ ০৫

## নেহরীন খান স্মারক বক্তৃতা অনুষ্ঠিত

সমাজে নিম্নবর্গের স্থান ঐতিহাসিক কাল থেকে একটি বৃত্তের ভেতরে বন্দী হয়ে আছে বলে মনে করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম। তাঁর মতে, বিশ্বজুড়ে পুঁজির যে প্রকল্প চলছে, তাতে নিম্নবর্গীয়া দারিদ্র্যের বৃত্তে আবদ্ধ হয়ে গেছে। মাথাপিছু আয় ও সামাজিক



নেহরীন খান

উন্নয়ন সূচকে কিছু পরিবর্তন এলেও অধিকার ও বঞ্চনার শিকার মানুষ সমাজে বিদ্যমান থাকছে। নিম্নশ্রেণির মানুষ এই বৃত্তেই বন্দী থাকবে কি না, এমন প্রশ্ন রাখেন তিনি।

৪ ডিসেম্বর বিকেলে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত দ্বিতীয় নেহরীন খান স্মৃতি বক্তৃতায় তিনি এসব কথা বলেন। নেহরীন সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. আকবর আলি খানের প্রয়াত মেয়ে এবং ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রাক্তন শিক্ষার্থী।

‘সাহিত্য ও সমাজে নিম্নবর্গীয়তা : বৃত্তের ভেতরে জীবন’ শীর্ষক বক্তৃতায় মনজুরুল ইসলাম বলেন, সাহিত্য বিপ্লব ঘটায় না, কিন্তু মানুষকে ভাবায়। বৈষম্য, শোষণ ও অনাচারের বিরুদ্ধে দাঁড়াতে উৎসাহিত করে। অনুষ্ঠানে মনজুরুল ইসলামকে সম্মাননা ক্রেস্ট ও এক লাখ টাকার চেক হস্তান্তর করা হয়।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য এম এম শহিদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপ-উপাচার্য ফকরুল আলম। অনুষ্ঠানে ড. আকবর আলি খান, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ এ জেড এম শফিকুল আলম, প্রয়াত নেহরীন খানের সহপাঠীসহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি